

নম্বর: ০৫.০০.০০০০.০০০.২০২.২৫.০০০১.২৬.২৯

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: চীনে অনুষ্ঠেয় **PhD Programs at the Institute of Global Development**-এ অধ্যয়নের নিমিত্ত আবেদন আহ্বান।

চীন সরকারের অর্থায়নে PhD Programs of Global Development-এর আওতায় সরকারের কর্মকর্তাদের উচ্চ শিক্ষার লক্ষ্যে ০২ (দুই) টি PhD Program-এ অধ্যয়নের জন্য নিম্নরূপভাবে ০৩ (তিন) জন কর্মকর্তার মনোনয়ন প্রদানের সুযোগ রয়েছে :

ক্র. নং	প্রোগ্রামের শিরোনাম	প্রার্থীর সংখ্যা
১	PhD in Applied Economics	০২ (দুই) জন
২	PhD in Public Administration (with development-governance focus)	০১ (এক) জন

২। উক্ত পিএইচডি প্রোগ্রামে অংশগ্রহণের জন্য আগ্রহী কর্মকর্তাগণ জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ (সংশোধিত) ও চীনা দূতাবাস এর Invitation Letter এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Call for Applications Guidelines অনুসরণপূর্বক আবেদন করতে পারবেন। প্রচলিত প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইয়ের ভিত্তিতে বর্ণিত ২টি প্রোগ্রামে অংশগ্রহণের জন্য যে ৩ (তিন) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে কেবল তারাই আগামী ১৫ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে অনলাইনে সরাসরি আবেদন করতে পারবেন।

৩। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তাগণ তাঁদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতিক্রমে আগামী ২৪/০৩/২০২৬ তারিখের মধ্যে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দূ.আ. উপসচিব, বিদেশ প্রশিক্ষণ শাখা, ভবন নম্বর-১, কক্ষ নম্বর-১৬২০) বরাবর আবেদন করতে পারবেন। সংযুক্ত তথ্য ফরম পূরণপূর্বক আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

শর্তসমূহ :


- চাকরি স্থায়ী হতে হবে;
- চাকরিতে প্রবেশের পর প্রেষণ/অধ্যয়ন ছুটিতে পিএইচডি ডিগ্রী সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার আবেদন করার প্রয়োজন নেই;
- কোর্স শুরুর তারিখে আবেদনকারী কর্মকর্তার বয়স ৪৭ বছরের মধ্যে হতে হবে;
- ইংরেজি ভাষায় দক্ষতার প্রমাণস্বরূপ IELTS পরীক্ষায় ৬.৫+ অথবা TOEFL-এ ১০০+ স্কোর থাকতে হবে;
- ইতঃপূর্বে যারা চীনে উচ্চশিক্ষা গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

সংযুক্তি : [Invitation Letter](#), [Call for Applications Guidelines](#), তথ্য ফরম।

সংযুক্তিসমূহঃ

- (১) Invitation Letter
- (২) Call for Applications Guidelines
- (৩) তথ্য ফরম

সংযুক্তি: ৩ প্রস্থ সংযুক্ত।



১২-০৩-২০২৬

মো: আনিছুর রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৯৫৭৪৪২৬

ইমেইল : ft@mopa.gov.bd

